



নং- ৩৬.০০.০০০০.০৬৭.৯৯.০২০.১৬(খন্ড-১)-১০০

তারিখ : ১৭ বৈশাখ, ১৪২৭
৩০ এপ্রিল, ২০২০

বিষয় : এসএমই খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ গ্রহণে সক্ষম হবেন না সারা দেশে ছড়িয়ে থাকা এমন অসংখ্য অতিক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তাদের সহায়তার জন্য এসএমই ফাউন্ডেশন ও বিসিক এর মাধ্যমে ঋণ কর্মসূচির আওতায় আনার জন্য এসএমই ফাউন্ডেশন ও বিসিক এর অনুকূলে যথাক্রমে ৫০০ (পাঁচশত) কোটি ও ৬০০ (ছয়শত) কোটি টাকা বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক কোভিড-১৯ এর কারণে ক্ষুদ্র ও কুটির শিল্পের সাথে জড়িত উদ্যোক্তাগণ অপেক্ষাকৃত বেশী ক্ষতিগ্রস্ত হয়েছেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০১৯ সালের জরিপ অনুযায়ী দেশে বর্তমানে ৪৬,২৯১টি উৎপাদন ইউনিটের মধ্যে ৮৭ শতাংশই ক্ষুদ্র ও কুটির শিল্প। দেশের উৎপাদন খাতের ৩৩ শতাংশ উৎপাদন করে থাকে ক্ষুদ্র ও কুটির শিল্প এবং এ শিল্পের সাথে জড়িত রয়েছেন ১৩ লক্ষ ৯১ হাজার শ্রমিক ও কর্মকর্তা-কর্মচারী।

২। মাননীয় প্রধানমন্ত্রী গত ০৫-০৪-২০২০ খ্রি. তারিখ এসএমই খাতের জন্য ২০,০০০ কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেন। এ খাতের প্রণোদনা প্যাকেজের অর্থ বিতরণের জন্য বাংলাদেশ ব্যাংক ১৩-০৪-২০২০ খ্রি. তারিখ একটি পরিপত্র জারি করেন (কপি সংযুক্ত)। উল্লিখিত পরিপত্র অনুযায়ী দেখা যায়, বাণিজ্যিক ব্যাংকসমূহ ব্যাংক গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ কার্যক্রম পরিচালনা করবে এবং ঋণ গ্রহণের ক্ষেত্রে ইতোপূর্বে ঋণ গ্রহিতারা বিশেষ সুবিধা পাবে।

৩। এসএমই খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে সহযোগিতা, করোনা পরিস্থিতিতে এসএমই খাতের সামগ্রিক বিষয় পর্যবেক্ষণ এবং করোনা পরবর্তী সময়ে অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারি শিল্প খাত কিভাবে ঘুড়ে দাড়াতে পারে সে বিষয়ে কার্যকর পদক্ষেপ ও সুপারিশমালা তৈরির জন্য শিল্প মন্ত্রণালয় কর্তৃক ১৬-০৪-২০২০ খ্রি. তারিখ এসএমই খাত উজ্জ্বল সংক্রান্ত একটি কমিটি গঠন করা হয় (কপি সংযুক্ত)। উক্ত কমিটির ১ম সভা গত ২২-০৪-২০২০ খ্রি. তারিখ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক, বিসিক, এসএমই ফাউন্ডেশন এবং এ খাতের সাথে সংশ্লিষ্ট ট্রেডবডি বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (বিইআইওএ), জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) ও এফবিসিসিআই এর প্রতিনিধিগণ যুক্ত ছিলেন। সভায় বাংলাদেশ ব্যাংক হতে জারিকৃত পরিপত্র নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং ঋণ প্যাকেজ বাস্তবায়নে কিভাবে অগ্রসর হলে সুবিধা হবে সে বিষয়ে কতিপয় প্রস্তাবনা গ্রহণ করা হয় (কপি সংযুক্ত)।

৪। সভায় আলোচনাকালে জানা যায়, ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে প্রায় ১৫ শতাংশ উদ্যোক্তা বর্তমানে ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসা করছেন। অন্যরা আনুষ্ঠানিক ঋণ কার্যক্রমে জড়িত নাই এবং তারা সকলে ব্যবসায় আনুষ্ঠানিক হিসাব সংরক্ষণে অভ্যস্ত নয়। সভায় অংশগ্রহণকারী সদস্যগণ জানান, এ সংকটকালে বেঁচে থাকার জন্য বাস্তবিকপক্ষে অতিক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তা এবং তাদের সাথে সম্পৃক্ত ব্যক্তিদের বেশী সহযোগিতা প্রয়োজন। আলোচনায় বিষয়টি এভাবে আসে যে, অতি-জরুরি ভিত্তিতে তাদের পাশে দাঁড়ানো খুব দরকার। এসএমই ফাউন্ডেশন ও বিসিক এ সংকটকালে তাদের পাশে দাঁড়াতে পারে। তাদের উভয়েরই ঋণ কার্যক্রম পরিচালনায় সক্ষমতা ও দক্ষতা রয়েছে।

৫। বর্গিতাবস্থায়, বর্তমান কোভিড-১৯ সংকটকালে অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির শিল্পের সাথে জড়িত সারা দেশের উদ্যোক্তা যারা ব্যাংকিং ব্যবস্থায় প্যাকেজের আওতার বাহিরে থাকবে তাদের সহায়তার জন্য এসএমই ফাউন্ডেশন এর অনুকূলে সিড মানি বাবদ ৫০০ (পাঁচশত) কোটি টাকা এবং বিসিক এর অনুকূলে ক্ষুদ্র ঋণ বিতরণ খাতে ৬০০ (ছয়শত) কোটি টাকা বরাদ্দ প্রদানের বিষয়টি সহানুভূতির সাথে বিবেচনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক - ২৪ (চব্বিশ) পাতা।

৩০/০৪/২০২০

(মোঃ মাকসুদুর রহমান)

সহকারী সচিব

মোবাইল : ০১৯৭৪৮৫৮৮০৭

সচিব

অর্থ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

অপর পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য

অনুলিপি:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
- ৪। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। চেয়ারম্যান, বিসিক, ঢাকা
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, ঢাকা
- ৮। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, মতিঝিল, ঢাকা
- ৯। মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ১০। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা
- ১১। সচিব এর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।